



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি রাজেন্দ্র কলেজ, ফরিদপুর
ফোনঃ ০২৪৭৮৮০৩০২৮
ই-মেইলঃ rajendracollege@yahoo.com
ওয়েব সাইটঃ rajendra.college.gov.bd
কলেজ কোডঃ ঢাকা বোর্ড- ৫১২৫, জাঃবিঃ- ৬০০১



স্মারক নং-স.রা.ক/ফরিদ/ ৫৯৭

তারিখঃ ০৮/০৬/২০২৫

কোটেশন প্রদানের অনুরোধপত্র (RFQ - Request for Quotation)

এতদ্বারা অনুমোদিত, অভিজ্ঞ ও স্বনামধন্য মুদ্রণ প্রতিষ্ঠান/প্রেসসমূহের নিকট হতে সরকারি রাজেন্দ্র কলেজ, ফরিদপুর-এর বার্ষিক কলেজ ম্যাগাজিন মুদ্রণ ও সরবরাহের জন্য সিলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

১. কাজের বিবরণ ও স্পেসিফিকেশন (Technical Specifications):

ক্র. নং	বিবরণ / স্পেসিফিকেশন	সুনির্দিষ্ট পরিমাপ ও তথ্য
০১	পণ্যের নাম	বার্ষিক কলেজ ম্যাগাজিন
০২	মোট সংখ্যা (Quantity)	৪,০০০ (চার হাজার) কপি
০৩	সাইজ (Size)	ডিমাই ১/৪ (অথবা স্ট্যান্ডার্ড ম্যাগাজিন সাইজ ৮.৫" x ১১")
০৪	মোট পৃষ্ঠা সংখ্যা	৮০ পৃষ্ঠা (১০ ফর্ম)
০৫	ভেতরের কাগজ	১০০ জিএসএম (GSM) গ্লোসি আর্ট পেপার (Art Paper)
০৬	ভেতরের মুদ্রণ	৪ কালার (মাল্টি কালার) উন্নত মানের অফসেট প্রিন্টিং
০৭	কভার (Cover)	৩০০ জিএসএম (GSM) আর্ট কার্ড, ৪ কালার প্রিন্টিং, স্পট ল্যামিনেশন এবং ডাই-কাটিং সহ
০৮	বাইন্ডিং (Binding)	পারফেক্ট গ্লু বাইন্ডিং (Perfect Glue Binding)

২. দরপত্র জমাদানের শর্তাবলী:

- দাখিলকৃত কাগজের গুণগত মান: ম্যাগাজিনের ভেতরের পাতা সম্পূর্ণ গ্লোসি আর্ট পেপারের হতে হবে। কোনো অবস্থাতেই সাধারণ অফসেট বা নিউজপ্রিন্ট কাগজ গ্রহণযোগ্য হবে না।
- প্রয়োজনীয় কাগজপত্র: দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট (VAT) রেজিস্ট্রেশন সার্টিফিকেট, টিআইএন (TIN) সার্টিফিকেট এবং অনুরূপ কাজের অভিজ্ঞতার প্রমাণপত্র (যদি থাকে) সংযুক্ত করতে হবে।
- নমুনা (Sample): দরপত্রের সাথে পূর্বে প্রিন্টকৃত সমমানের ম্যাগাজিন বা ব্যবহৃত আর্ট পেপার ও আর্ট কার্ডের নমুনা (Sample Paper) জমা দিতে হবে।
- দর উল্লেখ: দরপত্রে প্রতি কপির মূল্য এবং ৪,০০০ কপির সর্বমোট মূল্য (ভ্যাট ও ট্যাক্সসহ) অঙ্কে ও কথায় স্পষ্টাক্ষরে লিখতে হবে। কোনো প্রকার ফুইড এবং ব্যবহার বা কাটাকাটি গ্রহণযোগ্য হবে না।

৩. গুরুত্বপূর্ণ সময় ও তারিখ:

- দরপত্র আহ্বানের তারিখ: ০৮ই জুন, ২০২৬ খ্রি.
- দরপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৪ই জুন, ২০২৬, দুপুর ১২:৩০ টা পর্যন্ত।
- দরপত্র খোলার তারিখ ও সময়: ১৪ই জুন, ২০২৬, দুপুর ০১:০০ টা (দরদাতাগণ চাইলে উপস্থিত থাকতে পারবেন)।


দরপত্র জমাদানের স্থান:

অধ্যক্ষের কার্যালয়, সরকারি রাজেন্দ্র কলেজ, ফরিদপুর।

(খামের ওপর স্পষ্ট অক্ষরে "বার্ষিক কলেজ ম্যাগাজিন মুদ্রণের দরপত্র" লিখতে হবে।)

৪. সাধারণ তথ্যাবলী:

১. কলেজ কর্তৃপক্ষ কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
২. কার্যাদেশ পাওয়ার পর নির্ধারিত সময়ের মধ্যে শর্ত মোতাবেক ম্যাগাজিন কলেজে সরবরাহ করতে হবে। ত্রুটিপূর্ণ বা নিম্নমানের মুদ্রণ গ্রহণযোগ্য হবে না।


(প্রফেসর এস. এম আবদুল হালিম)
অধ্যক্ষ ৪/৬/২৬

সরকারি রাজেন্দ্র কলেজ
ফরিদপুর

অধ্যক্ষ
সরকারি রাজেন্দ্র কলেজ
ফরিদপুর।